


সভার নোটিশ

আগামী ৩১/১২/২০২৪ খ্রিঃ তারিখ মঙ্গলবার বেলা ১১-৩০ ঘটিকায় খুলনা সিটি কর্পোরেশনের শহীদ আলতাফ মিলনায়তনে কেসিসি'র মাননীয় প্রশাসক জনাব মোঃ ফিরোজ সরকার মহোদয়ের সভাপতিত্বে খুলনা সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪' এর ধারা ২৫(ক)(২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটির ১ম সাধারণ সভা অনুষ্ঠিত হবে।

সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

বিভাগ/শাখা প্রধানগণ  
খুলনা সিটি কর্পোরেশন  
খুলনা।

  
লক্ষার তাজুল ইসলাম  
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)  
খুলনা সিটি কর্পোরেশন  
ফোন-০২৪৭৭-৭২০৪০৯  
E-mail: ceo.kcc.kln@gmail.com

সভার আলোচ্য সূচিঃ

- ১। গত ০৯/০৫/২০২৪ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ৩য় সাধারণ সভার কার্যবিবরণী পঠন ও নিশ্চিতকরণ।
- ২। খুলনা সিটি কর্পোরেশন স্থায়ী কমিটি প্রবিধান, ২০২৪ অনুমোদন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ৩। সিটি কর্পোরেশন আইন-২০০৯ এর ৪৩ ধারা অনুযায়ী খুলনা সিটি কর্পোরেশনে প্রস্তুতকৃত “বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন ২০২৩-২৪” অনুমোদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ৪। খুলনা সিটি কর্পোরেশনের ওয়ার্ডের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণের দায়িত্ব পালন করার জন্য সম্মানী ভাতা প্রদান প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ৫। (ক) উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের জন্য জরুরি ভিত্তিতে পুরকৌশল শাখায়, বিদ্যুৎ শাখায় নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী পদে লোকবল নিয়োগ দেয়া প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।  
(খ) ১৯৮৭ সালের সেটআপ অনুযায়ী পূর্ত বিভাগের স্থায়ী উপ-সহকারী প্রকৌশলীর ১০টি পদের মধ্যে ৪টি পদ পূরণ আছে এবং ৬টি পদ শূন্য আছে। এর মধ্যে ১জন এপিস্টেটের হিসাবে কর্মরত আছে। জরুরি ভিত্তিতে ৬জন উপ-সহকারী প্রকৌশলীর শূন্য পদ পূরণ করা প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।  
(গ) ওয়ার্ড সরকারের ১৬টি স্থায়ী পদের মধ্যে ২টি পদ পূরণ আছে এবং ১৪টি পদ শূন্য আছে। জরুরি ভিত্তিতে উক্ত শূন্য পদ পূরণ করা প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।  
(ঘ) এ্যাসফল্ট প্লান্টে ১জন সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) পদে লোক দেয়া প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।  
(ঙ) আয় বর্ধনের জন্য ল্যাভে ইকুইপমেন্ট, যানবাহন ও জনবল বৃদ্ধি করা প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।  
(চ) উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের সময় কাজের সাইটে সাবল, কোদাল, চেন, হ্যামার ইত্যাদি ধরার জন্য এবং রাস্তা খোঁড়াখুঁড়ি করার জন্য পূর্ত বিভাগে ২জন প্রকৃত শ্রমিক নিয়োগ দেয়া প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

অপর পাতায়

- ৬। খুলনা সিটি কর্পোরেশনের জনবল সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ৭। খুলনা সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ৮। নিরাপত্তা শাখায় কর্মরত ১২১জন নিরাপত্তা প্রহরীর জন্য ১২১ সেট পোশাক (ইউনিফর্ম), ১২১ জোড়া জুতা, ১২১ জোড়া মোজা, ১২১ টি বেগ, ১২১টি টুপি, ১২১টি লাইনার, ১২১ টি বাঁশি, ১২১টি নেমপ্লেট ও ৭০খানা বেতের লাঠি প্রদান প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ৯। বিনিয়োগ প্রবৃদ্ধি অর্জন, বিনিয়োগ পরিবেশ উন্নয়ন ও বিনিয়োগকারীদের ব্যবসা কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে বাংলাদেশ বিনিয়োগ কর্তৃপক্ষ (বিডা) এর সাথে কেসিসি কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স সেবা সংযুক্ত করার লক্ষ্যে সমঝোতা স্মারকে স্বাক্ষর প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ১০। ময়ূর নদী খনন কাজের স্বার্থে ০৪/০৪/২০২৪ খ্রিঃ তারিখ হতে ২৬/১০/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত লিনিয়ার পার্কের সকল কার্যক্রম বন্ধ থাকায় বন্ধকালীন সময়ের ইজারা মূল্য মওকুফ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ১১। নিরাপত্তা শাখায় জনবল স্বল্পতার জন্য শূন্য, অর্ধশূন্য, চেকপোস্ট/স্থাপনার জন্য ৭০(সত্তর) জন নিরাপত্তা প্রহরী ও ০২(দুই) জন মালি শ্রমিক প্রদান প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ১২। কেসিসি মালিকানাধীন বিভিন্ন পুকুর ও জলাশয় হতে মাছ সংগ্রহ পূর্বক শহীদ হাদিস পার্ক পুকুর, সোনাডাঙ্গা সোলার এনার্জি পার্ক পুকুর ও সলুয়া স্যানিটারী ল্যান্ডফিল প্রকল্পের জায়গায় বিদ্যমান পুকুরে স্থানান্তরসহ এ সকল পুকুরের মাছ পরিচর্যার জন্য প্রয়োজনীয় ব্যয় অনুমোদন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ১৩। খুলনাস্থ ডাক বাংলা মোড়ের যানজট নিরসন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ১৪। কেসিসি পেট্রোলিয়াম পাম্পের সার্বিক বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ১৫। অসুবিধাজনিত গাছ কাটার জন্য কমিটি গঠন সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ১৬। নগরীর বিভিন্ন রাস্তা/ফুটপাথ ও খাল/ড্রেনের জায়গা অবৈধ দখলমুক্ত করার জন্য বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে কেএমপিএসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় পরিচালিত অপসারণ অভিযানে আপ্যায়ন ব্যয় নির্বাহ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ১৭। নগরীর বিভিন্ন রাস্তা/ফুটপাথ/ড্রেনসহ বিভিন্ন জায়গা অবৈধ দখলমুক্ত করণের বিষয়ে নগরবাসীকে সতর্ককরণ বিজ্ঞপ্তি প্রচারের লক্ষ্যে একটি মাইক সেট ক্রয় বাবদ ৩২,৫০০/- (বত্রিশ হাজার পাঁচশত) টাকা ব্যয় অনুমোদন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ১৮। খুলনা সিটি কর্পোরেশন এর গোরস্থান ও শ্মশান ঘাটের ফি ১০/- টাকার পরিবর্তে ২০/- টাকা ধার্য করা প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। (কাগজ, প্রিন্টিং এবং বাইন্ডিং এর মূল্য বৃদ্ধি হওয়ার কারণে)
- ১৯। শেরে বাংলা রোডস্থ খুলনা সিটি কর্পোরেশনের সন্ধ্যা বাজারের সাধারণ সম্পাদকের আবেদনের প্রেক্ষিতে টোল/রাজস্ব ১০/-টাকার পরিবর্তে ২০/-টাকা প্রদান প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ২০। বিবিধ।

